ভোরের কাগজ

তারিখ 04 MAR 1998
পৃষ্ঠা ৭ কলাম ৫

# ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস?

চট্টগ্রাম অফিস : মেডিকেল কলেজে ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়েছে বলে গুজব ছড়িয়ে পড়েছে বন্দরনগরী চট্টগ্রাম। এ নিয়ে হাজার হাজার ছাত্রছাত্রী ও তাদের অভিভাবকদের মধ্যে বিভ্রান্তি দেখা দিয়েছে। উল্লেখ্য, আগামী শুক্রবার দেশের সকল সরকারি মেডিকেল কলেজে একযোগে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

জানা গেছে, স্বার্থান্বেষী কিছু ব্যক্তি নগরীর কোচিং সেন্টারগুলোতে গিয়ে ধরনা দিচ্ছে। তারা ২ লাখ টাকার বিনিময়ে প্রশ্নপত্র সরবরাহ করার কথা বলে আগাম চেক হস্তান্তরের অনুরোধ জানাচ্ছে। কোচিং সেন্টারের মালিকদের ঐসব স্বার্থান্বেষী ব্যক্তিরা আশ্বস্ত করে এও বলেছে যে, পরীক্ষার দুদিন পর ব্যাংক থেকে উক্ত টাকা উত্তোলন করা হবে।